

হযরত খলীফাতুল মসীহ্ আল্ খামেস (আই.)-এর স্বাস্থ্য সম্পর্কে সর্বশেষ আপডেট



নিম্নের রিপোর্টটি হযরত খলীফাতুল মসীহ্ আল্ খামেস (আই.)-এর একান্ত সচিবের নিকট হতে প্রাপ্ত এবং ড. শাব্বীর ভাট্টি সাহেবের প্রদত্ত মেডিকেল রিপোর্ট অনুসারে প্রস্তুত করা হয়েছে।

আল্লাহর ফযলে, আজকে হযূর আনওয়ার-এর স্বাস্থ্য সাধারণভাবে পূর্বের চেয়ে অনেক ভালো।

হযূর আনওয়ার সম্প্রতি পড়ে যাওয়ার পর, তাঁর কপালে, নাকে ও হাঁটুতে প্রাপ্ত আঘাতসমূহের ব্যথা উল্লেখযোগ্যভাবে হ্রাস পেয়েছে এবং সবগুলোই সন্তোষজনকভাবে পরিপূর্ণরূপে সেরে উঠছে, আলহামদুলিল্লাহ্।

হযূর আনওয়ার (আই.) স্বাভাবিক ভাবেই তাঁর দাপ্তরিক এবং সাধারণ চিঠিপত্র নিয়মিত দেখছেন এবং তিনি জামা'তের আপামর সদস্যদের জন্য দোয়াও করছেন।

আমাদের প্রাণপ্রিয় হযূর-এর জন্য জামা'তের সকল সদস্যদেরকে তাদের হৃদয় নিঙড়ানো দোয়া বজায় রাখার জন্য অনুরোধ করা যাচ্ছে, যেন আল্লাহ তা'লা তাঁর নিজ অনুগ্রহে হযূর আনওয়ারকে পরিপূর্ণ এবং শীঘ্র আরোগ্য দান করেন; জামাত যেন আবারো আশীষমণ্ডিত হয় এবং আগামী শুক্রবারের জুমুআর খুতবায় তাদের প্রিয় ইমামকে আবারো দর্শনের সৌভাগ্য লাভ করে। আমিন।